অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ঐতিহাসিক স্থানের স্টেট ও জাতীয় নথি (STATE & NATIONAL REGISTERS OF HISTORIC PLACES)-র জন্য স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ বোর্ড (STATE HISTORIC PRESERVATION BOARD) 14টি নিযুক্তির সুপারিশ করেছে বলে গভর্নর কুউমো ঘোষনা করেছেন

নিউ ইয়র্ক বিভিন্ন ইতিহাসকে স্বীকৃতি দেওয়ার পথকে অব্যাহত রাখে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ বোর্ড (New York State Board for Historic Preservation) 14টি সম্পত্তি, সংস্থান এবং ডিস্ট্রিক্ট ঐতিহাসিক স্থানের স্টেট ও জাতীয় নথিতে যুক্ত করার জন্য সুপারিশ করেছে। মনোনয়নগুলো নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসের লক্ষণীয় বৈচিত্রকে প্রতিফলিত করে।

"এই বিখ্যাত স্থানগুলো নিউ ইয়র্কের সমৃদ্ধ এবং বৈচিত্র্যময় ইতিহাসের ব্যতিক্রমী এবং আকর্ষণীয় অংশগুলো উপস্থাপন করে", **গভর্নর কুওমো বলেন**। "ঐতিহাসিক স্থানের স্টেট ও জাতীয় নথিতে এই সম্পদগুলোকে যুক্ত করার মাধ্যমে এগুলোর জন্য প্রয়োজনীয় তহবিল অর্জন নিশ্চিত হবে যাতে করে বর্তমান এবং ভবিষ্যৎ প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য সম্পূর্ণ মহিমায় আমরা এগুলোকে সুরক্ষিত, সংরক্ষণ এবং প্রচার করতে পারি।"

স্টেট এবং ন্যাশনাল রেজিস্টারে তালিকাভুক্ত হলে সেটি বিল্ডিংগুলি পুনর্নির্মাণ করতে এবং সেগুলিকে বিভিন্ন সর্বজনীন সংরক্ষণ কর্মসূচি এবং পরিষেবার জন্য যোগ্য করে তোলার ক্ষেত্রে সম্পত্তির মালিকদের সহায়তা করতে পারে যেমন- স্টেটের অনুদানের সাথে মেলানো এবং স্টেট ও ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন ট্যাক্স ক্রেডিটসমূহ। 2013 সালে গভর্নর স্টেটের পুনর্বাসনের ট্যাক্স ক্রেডিট ব্যবহারকে সমর্থন দিতে আইনে স্বাক্ষর করার পর থেকে স্টেট ও ফেডারেল কর্মসূচিগুলি ঐতিহাসিক বাণিজ্যিক সম্পত্তিগুলিতে সম্পূর্ণকৃত বিনিয়োগে উদ্বুদ্ধ করেছে এবং মালিকানাধীন ঐতিহাসিক বাড়িগুলিতে কোটি কোটি ডলারের বিনিয়োগ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের এবং দেশের ইতিহাস, স্থাপত্য, প্রত্নতত্ত্ব এবং সংস্কৃতিতে যে বিল্ডিং, কাঠামো, ডিস্ট্রিক্ট, ল্যান্ডস্কেপ, বস্তু এবং উল্লেখযোগ্য স্থানগুলি রয়েছে তার সরকারি তালিকা হলো স্টেট এবং ন্যাশনাল রেজিস্টার। ঐতিহাসিক স্থানের ন্যাশনাল রেজিস্টারে এককভাবে অথবা ঐতিহাসিক ডিস্ট্রিক্টের অংশ হিসেবে স্টেটের সর্বত্র 120,000-টিরও বেশি ঐতিহাসিক বিল্ডিং, কাঠামো এবং সাইট তালিকাভুক্ত রয়েছে। স্টেটের কমিউনিটির সম্পত্তির মালিকগণ, মিউনিসিপ্যালিটি ও সংগঠনগুলি মনোনয়নসমূহ স্পন্সর করেছে।

পার্ক, বিনোদন এন্ড ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation) -এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "আমাদের ঐতিহাসিক স্থানগুলোর সংরক্ষণ এবং পুনরুজ্জীবন স্মার্ট অর্থনৈতিক সমৃদ্ধি, পর্যটন এবং কমিউনিটির গর্বকে অনুপ্রাণিত করে। আমাদের অফিস এই স্থানগুলোর তত্ত্বাবধায়কদের সাথে নিউ ইয়র্কের নতুন প্রজন্মকে পুনরুজ্জীবিত এবং সংযুক্ত করতে কাজ করার প্রত্যাশায় রয়েছে।"

স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ বিষয়ক কর্মকর্তা সুপারিশগুলি অনুমোদন করলে, সম্পত্তিগুলি নিউ ইয়র্ক স্টেট রেজিস্টার অব হিস্টরিক প্লেসেস (New York State Register of Historic Places)-এ তালিকাভুক্ত করা হয় এবং তারপরে ঐতিহাসিক স্থানগুলির ন্যাশনাল রেজিস্টারের জন্য মনোনীত করা হয়, যেখানে তাদের পর্যালোচনা করা হয় এবং একবার অনুমোদিত হলে ন্যাশনাল রেজিস্টারে প্রবেশ করা হয়। নিযুক্তিগুলোর আরও তথ্য এবং ছবি পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

ক্যাপিটাল রিজিয়ন

গ্লেনকো মিলস মেথোডিস্ট চ্যাপেল (Glenco Mills Methodist Chapel), লিভিংস্টোন - 1869 সালে নির্মিত, চ্যাপেলটির নির্মাণ কাজের অর্থায়ন করেছিলেন আইজ্যাক শারম্যান, লিভিংস্টোনের একজন বাসিন্দা যিনি নিউইয়র্ক সিটিতে সফল ক্যারিয়ার শেষে জন্মভূমিতে ফেরত আসেন; কমিউনিটির সদস্যদের উপাসনার একটি স্থান নিশ্চিত করার উদ্দেশ্যে তিনি চার্চের জন্য দান করেছিলেন।

ওয়াশিংটন অ্যাভিনিউ করিডোর ঐতিহাসিক ডিস্ট্রিক্ট (Washington Avenue Corridor Historic District), অ্যালবানি - অ্যালবানির অন্যতম প্রধান সংসরণ (thoroughfare) হিসাবে, ডিস্ট্রিক্টটি বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পাবলিক প্রতিষ্ঠান এবং উনবিংশ শতকের গোড়া থেকে বিংশ শতাব্দির তৃতীয় প্রান্তিক পর্যন্ত সময়ের অধিকাংশ প্রধান জাতীয় স্থাপত্য শৈলী এবং প্রবণতা সমেত বিস্তৃত বিল্ডিংয়ের সংগ্রহ নিয়ে গর্বে দাঁড়িয়ে আছে, যেটি একটি বৈচিত্রপূর্ণ এবং নাটকীয় শহুরে সড়কদৃশ্যকল্প (streetscape) তৈরী করেছে যা নগরীর আর কোথাও পাওয়া যায় না।

ফিঙ্গার লেকস

ক্লাইড ডাউনটাউন ঐতিহাসিক ডিস্ট্রিক্ট (Clyde Downtown Historic District), ক্লাইড - ডিস্ট্রিক্টটি ঐতিহাসিক ওয়াশিংটন স্কোয়্যার পার্ক পার্ককে পরিবেষ্টনকারী একটি মিশ্র বাণিজ্যিক ও ছোট আবাসিক এলাকা। পশ্চিমে এরি খাল আর পূর্বে আবাসিক রাস্তা এবং পার্কের মধ্যকার বাণিজ্যিক বিকাশ দ্বারা, 1820 সালে প্রতিষ্ঠিত পার্কটি গ্রামের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছিল।

পলভিনো বিল্ডিং (Polvino Building), রচেষ্টার - সেন্ট্রাল পার্কের পাশে বহুমুখী ব্যবহারের বিল্ডিংয়ে ছোট দোকান নির্ভর অসংখ্য ইতালীয় মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান খুলে যাওয়ায় 1925 সালে তৈরি হয় ভবনটি। এটি ছিল ইতালীয়-অভিবাসী অ্যান্থনি পলভিনোর সেন্ট্রাল পার্ক ফার্নিচার

কোম্পানি (Central Park Furniture Company) এবং পাশাপাশি তাঁর ভাগনের মুর্দাফরাশি ব্যবসার সূচনাস্থল।

পার্ক এভিনিউ ঐতিহাসিক ডিস্ট্রিক্ট, রচেষ্টার (Park Avenue Historic District, Rochester) - শহর বড় হতে থাকায় এবং উচ্চ-মধ্যবিত্ত শ্রেণির বাসিন্দারা শহর কেন্দ্র থেকে বের হয়ে তার উপকণ্ঠে নতুন এলাকা প্রতিষ্ঠা করার কারণে উনিশ শতকের শেষ থেকে বিংশ শতাব্দীর গোড়ার দিকের ঐতিহাসিকভাবে উল্লেখযোগ্য বৈশিষ্ট্যের প্রাচুর্য রচেষ্টারের এক বড় ধরনের রূপান্তর বিন্দুকে প্রতিফলিত করে।

মোহক ভ্যালি

ডানাসকারা প্লেস (Danascara Place), ট্রাইবস হিল- 1795 সালে বিপ্লবী যুদ্ধের (Revolutionary War) প্রবীণ কর্নেল ফ্রেডরিক ভিশারের জন্য বাড়ির গোড়ার অংশটি তৈরি করা হয়েছিল। 1870 সালের দিকে ভিশারের প্রো-প্রোপৌত্র, আলফ্রেড ডিগ্র্যাফ, এটিকে সাধারণ একটি ইটের খামারবাড়ি থেকে একটি ইতালিয়ান এবং অন্যান্য বৈশিষ্ট্য সম্পন্ন একটি গৃহে রূপান্তরিত করেন।

আমস্টারডাম ফ্রি লাইব্রেরি, আমস্টারডাম - নিওক্লাসিক্যাল বোজ-আর্ট-শৈলীর (Neoclassical Beaux-Arts-style) গ্রন্থাগারটি 1903 সালে একটি সমৃদ্ধির সময়কালে চালু হয়েছিল যে সমৃদ্ধি আমস্টারডামের ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদা পূরণ করতে পারে এমন একটি বৃহত্তর গ্রন্থাগারের প্রয়োজনীয়তা তৈরি করেছিল। এটি ডিজাইন করেছিলেন আলবানির বিশিষ্ট স্থপতি অ্যালবার্ট ডব্লিউ. ফুলার।

রাদারফোর্ড হাউজ, এডমেস্টন (Rutherford House, Edmeston)-এই বিশাল কাঠের-ফ্রেমের বাড়িটি ডাক্তার এবং নগর তত্ত্বাবধায়ক ডঃ উইলিয়াম এম. স্পেন্সারের জন্য 1868 সালে তৈরি করা হয়, এবং পরবর্তীতে কমিউনিটির জন্য একটি জনপ্রিয় স্থানীয় হোটেল হিসেবে বাণিজ্যিক সাফল্য লাভ করে, বিশেষ করে 1889-1910 সালের ভেতরে এই এলাকার মধ্য দিয়ে যাওয়া রেলক্রসিং ব্যবহারকারীদের জন্য। এটি ইতালিয়ান শৈলীর একটি অটুট উদাহরণ।

মধ্য-হাডসন

রিচার্ড পুসেট-ডার্ট বাড়ি এবং স্টুডিও, সাফার্ন-ভবনটি 1959 থেকে 1992 সালের মাঝামাঝি মধ্য শতাব্দীর বিমূর্ত প্রকাশবাদী (Abstract Expressionist) চিত্রকলার অন্যতম পথিকৃৎ পুসেট-ডার্টের বাড়ি এবং স্টুডিও হিসাবে ব্যবহৃত হয়েছিল। এটি মূলত 1916 সালে একটি বিশাল কান্ট্রি এস্টেট, ভ্যালি হেড ফার্ম (Valley Head Farm)-র ক্যারেজ বাড়ি হিসাবে তৈরি করা হয়েছিল।

সাউদার্ন টিয়ার

ডিপোজিট-এর প্রথম প্রেসবিটারিয়ান চার্চ (First Presbyterian Church of Deposit)- 1880 সালে নির্মিত এই গির্জার নকশাটি করেছিলেন নিউইয়র্ক সিটির স্থপতি লরেন্স বি. ভাল্ক (1838-1924),

উন্মুক্ত বিশাল স্থান (Open Plan), বাঁকানো আসন (Curving Pew), তারকাকার হাঁটার পথ (Radiating Aisle) এবং ঢালু মেঝের (Sloping Floor) মিলনায়তন পরিকল্পনার গির্জা (auditorium plan church)-য় বিশেষজ্ঞ, যিনি ছিলেন প্রোটেস্ট্যান্ট গীর্জার একজন গুরুত্বপূর্ণ নকশাকার।

ওয়াটকিন্স গ্লেনের প্রথম প্রেসবিটারিয়ান চার্চ (First Presbyterian Church of Watkins Glen) - রোমানেস্ক পুনর্জাগরণ শৈলীর (Romanesque Revival style) চার্চটি 1868 সালে সম্পন্ন হয়েছিল, যখন ওয়াটকিন্স গ্লেন প্রশাসনিক কেন্দ্র (County Seat) হিসেবে, পরিবহণের কেন্দ্রবিন্দু হিসেবে এবং এই অঞ্চলের সর্বাধিক নাটকীয় গিরিখাত ও জলপ্রপাত নিয়ে গর্বিত একটি পর্যটন কেন্দ্র হিসেবে সমৃদ্ধ হয়েছিল।

পশ্চিম নিউইয়র্ক

শেফার অ্যান্ড ব্রাদার মল্ট হাউস, বাফেলো (Schaefer & Brother Malt House, Buffalo) - মল্ট হাউস এবং এর ছোট শস্যের গোলাঘরটি (Grain Elevator) 1880 সালে নির্মিত হয়েছিল এবং 1919 সাল পর্যন্ত এটি ভাঁটিখানা (Brewery) হিসাবে পরিচালিত হয়েছিল। পরবর্তীকালে ভবনটি রিড চকলেট কোম্পানির (Reed Chocolate Company) কাছে বিক্রি করা হয়েছিল, যা 1921 সালে মারকেন্স চকলেট কোম্পানি (Merckens Chocolate Company) অধিগ্রহণ করে এবং 1951 সাল পর্যন্ত সচল থাকে।

সেইন্ট ম্যাথিয়াস এপিসকোপাল চার্চ কমপ্লেক্স (St. Matthias Episcopal Church Complex), পূর্ব অরোরা - 1928 সালের ইংলিশ গথিক পুনর্জাগরণ এপিস্কোপাল গীর্জাটি (English Gothic Revival Episcopal church) গ্রামীণ ইংলিশ প্যারিশ গির্জার (English parish church) উপর ভিত্তি করে গড়ে ওঠা গথিক রিভাইভাল স্থাপত্যশিল্পের (Gothic Revival Architecture) একটি অটুট উদাহরণ। এটি বিশ শতক জুড়ে কমিউনিটির মধ্যে প্যারিশের (Parish) ইতিহাস এবং বিকাশকে প্রতিফলিত করে।

72-74 সাইক্যামোর স্ট্রিটের বোর্ডিং হাউস, বাফেলো - শহরের অল্প কয়েকটি অবশিষ্ট গৃহযুদ্ধ পূর্ববর্তী বিল্ডিংগুলির মধ্যে একটি যেটি 1848 সালে সুপরিচিত স্থানীয় পতিতা এলিজা কোয়ার্কের জন্য আপাতদৃষ্টিতে দুটি অভিন্ন সংযুক্ত বাসস্থান হিসাবে নির্মিত হয়েছিল, যিনি 'আইরিশ লিজি' নামেও পরিচিত ছিলেন। এটি একপার্শ্বে মূলত পতিতালয় এবং অন্যদিকে ভাড়া বাড়ি হিসেবে ব্যবহৃত হয়েছে বলে বিশ্বাস করা হয়। বিংশ শতাব্দীর মাঝামাঝি সময় জুড়ে এটি বোর্ডিং হাউস হিসাবে ব্যবহৃত হয়েছিল।

###

আনসাবস্ক্রাইব করুন